

নম্বর-এডি-পি(২)-১১৩০/২৬৩


০১ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ-----
১৫ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা জনাব এ, এস, এম, সাদেক-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ দূতাবাস, কাঠমুন্ডু-তে ব্যক্তিগত কর্মকর্তা পদে বদলি করা হলোঃ

- ক) বেতন : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী।
খ) বৈদেশিক ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
গ) চিকিৎসা ভাতা : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে চিকিৎসা সুবিধাদি।
ঘ) সন্তানাদির শিক্ষা ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
ঙ) উৎসব ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।
চ) বাসস্থান : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান।
ছ) বদলি অনুদান : ঢাকায় আহরিত মাসিক বেতনের অর্ধেকের সমপরিমাণ অর্থ। বেতনের এক চতুর্থাংশ ঢাকায় এবং এক চতুর্থাংশ কাঠমুন্ডু-তে প্রদেয়।
জ) ভ্রমণ ব্যয় : বিধি অনুযায়ী নিজ এবং পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে সরকারি ব্যয়ে ঢাকা হতে কাঠমুন্ডু পর্যন্ত বিমানে সুলভ শ্রেণি-তে (Economy Class) ভ্রমণ এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয়।
ঝ) ব্যক্তিগত মালামাল পরিবহন ব্যয় : বিধি অনুযায়ী ঢাকা হতে কাঠমুন্ডু পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ অথবা ব্যক্তিগত মালামাল পরিবহন বাবদ প্রকৃত খরচ।

- ২। জনাব এ, এস, এম, সাদেক-কে উক্ত মিশনে অবিলম্বে যোগদানের জন্য নির্দেশ দেয়া হলো।
৩। উক্ত কর্মকর্তা সরকারি বাসায় অবস্থান করলে আবাসন সংক্রান্ত বিষয়াদি দায়িত্বভার ত্যাগের পূর্বে আবশ্যিকভাবে সাধারণ সেবা-১ শাখায় বুঝিয়ে দিবেন।
৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং বিগত ২৭ জানুয়ারি ২০২০ তারিখের সমসংখ্যক আদেশের মাধ্যমে বাংলাদেশ দূতাবাস, ইয়াংগুন-এ বদলির আদেশটি বাতিল পূর্বক এ বদলি আদেশ জারি করা হলো।


১৬/০৬/২০২০
(মোঃ মাহাদি আলম বিনতু)
সহকারী সচিব (সংস্থাপন-২)
☎ঃ ৯৫৬২৯৫১


ই-মেইলঃ p2@mofa.gov.bd

নম্বর-এডি-পি(২)-১১৩০/২৬৩

০১ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ-----
১৫ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (এসএসএ/পিএন্ডও/কনসুলার/এমবি ও ইকুপমেন্ট/তহবিল/বাজেট/সাধারণ সেবা-১ ও ২), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তা ও তার পরিবারের সদস্যদের অনুকূলে পাসপোর্ট প্রদানের অনুরোধসহ)।
- ৭। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), মতিঝিল, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (উক্ত কর্মকর্তা ও তার সহগামীদের বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ, ফ্যাক্স নং-৮৯০১৫৪৪)।
- ৯। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, কাঠমুন্ডু।
- ১০। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, ইয়াংগুন।
- ১১। জনাব এ, এস, এম, সাদেক, সহকারী সাইফার কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। অফিস কপি।


১৫/০৬/২০২০
(মোঃ মাহাদি আলম বিনতু)
সহকারী সচিব (সংস্থাপন-২)